

# পিবিপ্রবিতে যোগ দিলেন নতুন উপাচার্য ছবিরুল ইসলাম হাওলাদার

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১০ জুন, ২০২৬ ১৪:০২



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিবিপ্রবি) উপাচার্য হিসেবে যোগদান করেছেন প্রফেসর ড. মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদার। মঙ্গলবার (৯ জুন) দুপুরে তিনি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বরাবর যোগদানপত্র দাখিল করেন।

একইদিন সন্ধ্যায় তিনি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে উপস্থিত হন।

ক্যাম্পাসে পৌঁছালে নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলরকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীরা ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেন। পরে তিনি প্রশাসনিক ভবনের সভাকক্ষে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভায় অংশ নেন। এ সময় উপাচার্য বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সবার সহযোগিতা কামনা করেন।

এর আগে গত ৮ জুন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনে প্রফেসর ডক্টর মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদারকে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়।

প্রফেসর ড. মোহাম্মদ ছবিরুল ইসলাম রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) আরবি বিভাগের শিক্ষক ছিলেন। ১৯৯৭ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের প্রভাষক হিসেবে তার কর্মজীবন শুরু করেন। ২০১২ সালে তিনি প্রফেসর পদে উন্নীত হন।

বর্তমানে তিনি গ্রেড-১ প্রফেসর হিসেবে কর্মরত। বর্ণাঢ্য কর্মজীবনে তিনি বিভাগীয় চেয়ারম্যান, আবাসিক হলের সহকারী হাউস টিউটর ও বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব সফলভাবে পালন করেছেন।

মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদার ভোলা জেলার  
লালমোহন উপজেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা  
বিশ্ববিদ্যালয় থেকে আরবি বিভাগ থেকে স্নাতক (সম্মান)  
ও স্নাতকোত্তর সম্পন্ন করেন। পরে রাজশাহী  
বিশ্ববিদ্যালয় থেকে ইসলামিক স্টাডিজের দ্বিতীয়  
স্নাতকোত্তর এবং একই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি  
ডিগ্রি অর্জন করেন।